দৈনিক ইনকিলাব

তারিখ JUL. 3 1999
পৃঃ ৩ কলাম ৭

৭৪

### চট্টগ্রামে বিক্ষোভ সমাবেশ

# মাদ্রাসা বন্ধ করে সরকার দেশকে ভারতের অঙ্গরাজ্য বানাতে চায়

চট্টগ্রাম ব্যুরো ঃ বাংলাদেশে ইসলামী শিক্ষা বন্ধের ষড়যন্ত্রের প্রতিবাদে জামায়াতে ইসলামী চট্টগ্রাম গতকাল বাদ-জুমা নগরীতে বিশাল গণমিছিলের আয়োজন করে। আন্দরকিল্লা মোড়ে নগর জামায়াতের ভারপ্রাপ্ত আমীর প্রফেসর আহসান উল্লার সভাপতিত্বে অনুষ্ঠিত গণমিছিল-পূর্ব বিশাল সমাবেশে বক্তাগণ বলেন, আওয়ামী লীগ সরকার মাদ্রাসা বন্ধের নির্দেশ দিয়ে বাংলাদেশকে হিন্দুস্থানের অঙ্গরাজ্য বানানোর চক্রান্ত শুরু করেছে। শত শত মাদ্রাসা বন্ধ করে সরকার ১২ কোটি তৌহিদী জনতার হৃদয়ে চরম আঘাত হেনেছে। তীব্র গণআন্দোলনের মাধ্যমে ইসলাম বিরোধী এ তাঁবেদার সরকারকে হঠাতে হবে।

এতে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন মাওলানা মুমিনুল হক চৌধুরী, চট্টগ্রাম দক্ষিণ জেলা জামায়াতের আমীর শাহজাহান চৌধুরী, নগর জামায়াতের নায়েবে আমীর আফসার উদ্দিন চৌধুরী, মাওলানা শামসুল ইসলাম, এম এ তাহের, জেলা বারের সাবেক সভাপতি এডভোকেট শামসুদ্দিন আহমদ মীর্জা। জমিয়াতুল মোদার্রেছীনের পক্ষ থেকে বক্তব্য রাখেন পতেঙ্গা সিনিয়র মাদ্রাসার প্রিন্সিপ্যাল মাওলানা জানে আলম প্রমুখ। সমাবেশ শেষে এক বিশাল গণমিছিল নগরীর গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে নিউমার্কেট চত্বরে পুনরায় সংক্ষিপ্ত সমাবেশে মিলিত হয়। জামায়াতের কেন্দ্রীয় নেতা মাওলানা মুমিনুল হক চৌধুরী বলেন, বাংলাদেশ বিশ্বের অন্যতম মুসলিম দেশ। এ দেশে মাদ্রাসা বন্ধের উদ্যোগ নিয়ে সরকার মুসলমানদের ঈমানে আঘাত হেনেছে। মাদ্রাসাসমূহে ইসলামী শিক্ষা চালু আছে বলেই এ দেশে মুসলমানদের অস্তিত্ব রয়েছে।

সাবেক সংসদ সদস্য শাহজাহান চৌধুরী বলেন, ইসলামকে নিশ্চিহ্ন করে দেয়ার জন্য শেখ হাসিনা আমাদের ঈমান আকিদার প্রাণকেন্দ্র মাদ্রাসায় হাত দিয়েছে। মাথায় পট্টি ও হাতে তসবীহ নিয়ে ক্ষমতায় এসে হাসিনা তার পিতার যোগ্য উত্তরসূরী হিসাবে এদেশ থেকে ইসলাম নির্মূল করতে চায়। তিনি বলেন, কওমী মাদ্রাসার বিরুদ্ধে ষড়যন্ত্র করে ব্যর্থ হয়ে সরকার এবার বেসরকারী মাদ্রাসা বন্ধের আদেশ দিয়েছে। তাওহিদী জনতা ভারতের তাঁবেদারদের এ চক্রান্ত গণআন্দোলনের মাধ্যমে নস্যাৎ করে দেবে। এডভোকেট শামসুদ্দিন আহমদ মীর্জা বলেন, এ সরকার ইসলামের বিরুদ্ধে কথা বলায় শামসুর রাহমানকে পুরস্কৃত করেছে। কবির চৌধুরীকে জাতীয় প্রফেসর করেছে, রেডিও-টিভিতে ইসলাম বিরোধী অনুষ্ঠান চলছে।

এদিকে বাংলাদেশ মাদ্রাসা ছাত্র আন্দোলন পরিষদ চট্টগ্রাম মহানগরীর উদ্যোগে মাদ্রাসা বন্ধের প্রতিবাদে এক বিক্ষোভ সমাবেশ গতকাল নগর কমিটির আহবায়ক হাফেজ আবুল মনসুরের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। এতে বক্তব্য রাখেন সৈয়দুল আলম, অধ্যাপক শওকত উসমান চৌধুরী, আতাউল হক সিরাজী, রেজাউল করিম, জয়নুল আবেদীন, এবিএম ওসমান গনি প্রমুখ। বক্তাগণ বলেন, ইসলাম বিদ্বেষী বর্তমান সরকার ক্ষমতায় আসার পর ইসলামের বিরুদ্ধে ষড়যন্ত্র শুরু করে। তারা ইসলামী প্রতিষ্ঠানগুলো একের পর এক বন্ধ করে দিতে চায়। ভারতের তাঁবেদার এ সরকার দিল্লীর ইশারায় বাংলাদেশ থেকে ইসলাম মুছে ফেলার কর্মসূচী নিয়ে মাঠে নেমেছে।